
# তরুণ সন্তানদের অথেনটিক অ্যাসেসমেন্টস এর একটি ফ্যামেলি গাইড।

## অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ কী?



অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ হলো সেইসকল টুল যা শিক্ষাদানকারী দল প্রতিদিন যা বোঝার ক্ষেত্রে ব্যবহার করে

- সন্তানেরা কী জানে।
- সন্তানেরা কীভাবে উন্নতি করছে।
- সন্তানদের উন্নয়নে সহায়তা করার জন্য তারা কী করতে পারেন।

## অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ কীভাবে কাজ করে?

বাড়িতে আপনি প্রতিদিন বিভিন্ন জিনিস মূল্যায়ন করেন। আপনার সন্তান স্কুলে যাওয়ার ক্ষেত্রে পর্যাপ্ত স্বাচ্ছন্দ্যবোধ করছে কিনা সেটি আপনি পরীক্ষা করবেন। আপনি যখন খেলার মাঠে যাবেন তখন তারা কীভাবে বন্ধুদের সাথে মিশছে সেটি ও কোন ধরণের জিনিসে তারা আগ্রহী সেটি পর্যবেক্ষণ করবেন। এইসকল পর্যবেক্ষণ আপনাকে আপনার সন্তানকে এবং আপনি কীভাবে তাদের অব্যাহত উন্নয়নে সহায়তা করতে পারবেন সেসব বুঝতে সহায়তা করবে। আপনার সন্তানের শিক্ষকরা অনেকটা একইভাবে অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ ব্যবহার করে থাকে।

শিক্ষাদানকারী দল সন্তানদের কাজের নমুনা সংগ্রহ করে, সন্তানদের শিখন ও খেলাধুলার ছবি তোলে এবং এবং আপনার সন্তান স্কুল দিবসে কী করে সেটি পর্যবেক্ষণ করে (উদাহরণস্বরূপ, সেন্টার টাইম, আউটডোর, ছোট দল ইত্যাদি)। শিক্ষাদানকারী দলসমূহ এইসকল তথ্যকে প্রতিটি সন্তান কীভাবে কাজ করছে সেটি বুঝতে এবং তাদের উন্নয়নে সহায়ক কার্যক্রমের পরিকল্পনা করতে ব্যবহার করে।

## অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ থেকে প্রাপ্ত তথ্য কীভাবে ব্যবহার করা হয়?

অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ সন্তানের চিন্তা, উন্নয়ন ও শিখন বুঝতে ব্যবহার করা হয়। সেগুলো পরিবারবর্গ, শিক্ষকমণ্ডলী ও প্রোগ্রামসমূহের জন্য বিভিন্নভাবে সহায়ক।

*পরিবারবর্গ* আপনার সন্তানের অথেনটিক অ্যাসেসমেন্টসমূহ থেকে প্রাপ্ত ডেটা যেসকল কাজে ব্যবহার করতে পারবেন:

- কীভাবে আপনার সন্তানের প্রবৃদ্ধি ও উন্নয়নকে সর্বোত্তমভাবে সহায়তা করা যায় সেটি বোঝা।
- আপনার সন্তান কীভাবে ক্লাশরুমে সর্বোত্তমভাবে শিখতে পারবে সেটি বোঝা।

*শিক্ষাদানকারী দলসমূহ* অথেনটিক অ্যাসেসমেন্ট ডেটা যে কাজে ব্যবহার করতে পারবে:

- আপনার সন্তানের সক্ষমতাসমূহ বুঝতে এবং তার অব্যাহত উন্নয়নে কীভাবে তাকে সহায়তা করা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নিতে।
- আপনার সন্তানের দক্ষতাবলী ও আগ্রহসমূহের উপর ভিত্তি করে প্রতিদিনের কার্যক্রমের পরিকল্পনা করতে, যেমন:
    - আপনার সন্তানকে কোনো দক্ষতা বা ধারণার ব্যাপারে সহায়তা করতে ক্লাশরুমের জন্য বইসমূহ নির্বাচন করতে।
    - আউটডোর সময়ে সেইসকল গেম নির্বাচন করতে যা আপনার সন্তানকে অন্যদের সাথে কাজ করতে এবং আনন্দময় উপায়ে নতুন দক্ষতাবলী শিখতে অনুপ্রাণিত করে।
    - সেইসকল কর্মকাণ্ড পরিচালনা করা যা আপনার সন্তানকে সামাজিক ও মানসিক দক্ষতাবলী যেমন কীভাবে অন্যদের সাথে খেলতে হয় এবং কীভাবে অন্যদের অনুভূতি বুঝতে হয় সেগুলোর উন্নয়নে সহায়তা করে।
- কাজের নমুনাসমূহ এবং/বা রিপোর্টসমূহ ব্যবহার করে প্যারেন্ট কনফারেন্সের সময় পরিবারবর্গের সাথে যোগাযোগ করে।

*কর্মসূচিসমূহ* অথেনটিক অ্যাসেসমেন্ট ডেটা যে কাজে ব্যবহার করতে পারবে:

- সন্তানদের শিখন চাহিদাবলীকে সহায়তা করার বস্তুসমূহের অর্ডার করা।
- শিক্ষাদানকারী দলকে সন্তানদের শিখন চাহিদাবলী পূরণে সহায়তা করার রিসোর্সসমূহ শনাক্ত করা।

PRE-K FOR ALL | 3-K FOR ALL | NYC Department of Education

T&I-28204 (Bengali)

## উন্নয়নের কোন দিকগুলোর মূল্যায়ন করা হয়?

আপনার সন্তানের উন্নয়ন সাধারণত মূল্যায়নের পাঁচটি বিভাগ বা "ডোমেইন" এ বিভক্ত:

- *শিক্ষার প্রতি মনোভাব* - সন্তানেরা কীভাবে শিখন অভিজ্ঞতাসমূহের সাথে সম্পৃক্ত হয়। এটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কেননা সন্তানেরা শেখাকে যেভাবে গ্রহণ করে তা সকল ডোমেইনে তাদের উন্নয়নকে প্রভাবিত করে।
- *সামাজিক ও মানসিক উন্নয়ন* - সন্তানেরা কীভাবে সম্পর্ক গড়ে তোলে এবং সেইসাথে আবেগসমূহ শনাক্ত করে ও নিয়ন্ত্রণ করে। এগুলো উন্নয়ন ও শেখার ক্ষেত্রে জীবনব্যাপী দক্ষতাসমূহ।
- *ভাষা, সাহিত্য ও যোগাযোগ* - সন্তানেরা কীভাবে শোনে, উপলব্ধি করে এবং তাদের উদীয়মান সাহিত্য বিষয়ক দক্ষতা কম্যুনিকেশনের অন্যান্য উন্নয়নশীল সক্ষমতাবলীর ক্ষেত্রে ভাষার ব্যবহার করে।
- *চেতনা* - সেইসকল দক্ষতা ও ধারণা যা সন্তানেরা গণিত, আর্ট, সায়েন্স এবং সোশ্যাল স্টাডিজসহ তাদের চারপাশের দুনিয়াকে বুঝতে ও শনাক্ত করতে ব্যবহার করে থাকে।
- *শারীরিক উন্নয়ন ও স্বাস্থ্য* - সেইসকল দক্ষতা ও সক্ষমতা যা সন্তানেরা শারীরিকভাবে সুরক্ষা ও তাদের পরিবেশে সুরক্ষিত থাকার জন্য গড়ে তোলে।

শিক্ষাদানকারী দলসমূহের জন্য গুরুত্বপূর্ণ ব্যাপার হলো পর্যবেক্ষণ ও কাজের নমুনাসমূহ বিশ্লেষণের মাধ্যমে এই সকল বিভাগের মূল্যায়ন করা যাতে আপনার সন্তানকে সর্বোত্তমভাবে বোঝা যায় এবং পূর্ণ সহায়তা প্রদান করা যায়। অনুগ্রহপূর্বক খেয়াল করুন যে উপরে বর্ণিত বিভাগসমূহ আপনার কর্মসূচি যে টুল ব্যবহার করে তার উপর ভিত্তি করে সামান্য ভিন্ন হতে পারে।

## আপনি কীভাবে অথেনটিক অ্যাসেসমেন্টসমূহে সহায়তা করতে পারবেন?

আপনি জানেন আপনার সন্তানই সেরা! মাঝেমাঝেই আপনার সন্তানের শিক্ষকদের সাথে কথা বলুন। একত্রে কাজ করা আপনার সন্তানের অধিকাংশ শিখন ও উন্নয়নে প্রয়োজনীয় সহায়তাসমূহ পাওয়া নিশ্চিত করতে পারে।

- আপনি আপনার সন্তানের শিক্ষকের সাথে আপনার সন্তানের আগ্রহ ও দক্ষতাসমূহ সম্পর্কিত তথ্যাবলী শেয়ার করতে পারেন।
- আপনি আপনার সন্তানের উন্নয়নের ব্যাপারে তাদের শিক্ষকমণ্ডলীর সাথে কথা বলতে পারেন। এটি আপনাকে ও আপনার সন্তানের শিক্ষকমণ্ডলীকে আপনার সন্তানের উন্নয়নে সহায়তা করার জন্য একত্রে কাজ করতে সহায়তা করে।
- আপনার সন্তানের শিক্ষমণ্ডলীর কাছে অথেনটিক অ্যাসেসমেন্টসমূহের ব্যাপারে জিজ্ঞাসা করুন এবং তাদের নির্দেশনাসমূহের প্রতি সজাগ থাকুন।

আপনার কাছে উপস্থাপন করা হয়েছে ডিভিশন অফ আর্লি চাইল্ডহুড এডুকেশন (শৈশব শিক্ষা বিভাগ) এর মাধ্যমে

ইমেইল: earlychildhood@schools.nyc.gov

আপনি আমাদের ওয়েবসাইটে 3-K ফর অল ও প্রি-কে ফর অল সম্পর্কিত তথ্য পাবেন।

প্রি-কে ফর অল এ ভর্তি

3-K ফর অল এ ভর্তি

PRE-K FOR ALL  3-K FOR ALL  NYC Department of Education